জীবননগরে গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির ত্রৈমাসিক সমন্বয় সভা

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলায় গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির ত্রৈমাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। উপজেলা প্রশাসনের আয়োজনে গতকাল মঙ্গলবার সকাল ১১ টায় জীবননগর উপজেলা পরিষদ হলরুমে সভাটি অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী অফিসার ও গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির সভাপতি মো: আল-আমীনের সভাপতিত্বে সভায় কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা বলেন, বাড়ির কাছে গ্রাম আদালত, কেন হাঁটিব দূরের পথ। তিনি বলেন, প্রান্তিক জনগোষ্ঠীর মানুষ গ্রাম আদালতে আবেদন করে কোনো উকিল নিয়োগ বা ঝামেলা ছাড়াই আইনের সেবা পেতে পারে। গ্রাম আদালতের মাধ্যমে বিরোধ নিষ্পত্তি হলে নতুন বিরোধ সৃষ্টি হয় না। আইনের সেবা প্রদানে চেয়ারম্যানদের আরও স্বচ্ছ ও নিরপেক্ষ থাকতে হবে এবং উচ্চ আদালতের মামলা জট কমাতে নিয়মিত গ্রাম আদালত পরিচালনা করতে হবে। এছাড়া তিনি ইউপি চেয়ারম্যানদের পরামর্শ দেন, গ্রাম আদালতের এখতিয়ারভুক্ত মামলা দ্রুত এবং সচেতনভাবে নিস্পত্তি করতে।

প্রকল্পের উপজেলা সমন্বয়কারী শিশির চৌকিদারের সঞ্চলনায় সভায় উপস্থিত ছিলেন কমিটির সদস্য সচিব ও সমাজসেবা কর্মকর্তা জাকির উদ্দিন মোড়ল, জীবননগর থানার অফিসার ইনচার্জ (অপারেশন) আতিয়ার রহমান, মহিলা বিষয়ক কর্মকর্তা মো: তাজুল ইসলাম, ইউপি চেয়ারম্যান/প্রশাসক, গণমাধ্যমকর্মীসহ অন্যান্য সদস্যবৃন্দ।

মুজিবনগরে গ্রাম আদালত

ব্যবস্থাপনা কমিটির ত্রৈমাসিক সভা

গ্রাম আদালতের কার্যক্রম বৃদ্ধি করার লক্ষে মেহেরপুরের মুজিবনগর উপজেলায় গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২৩ ডিসেম্বর) দুপুরে উপজেলা পরিষদ সভাকক্ষে উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলামের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়।

গ্রাম আদালত সক্রিয়করনের তৃতীয় পর্যায় প্রকল্প সমন্বয়কারী মোঃ শাকিলুজ্জামানের সঞ্চালনায় অতিথি হিসেবে বক্তব্য দেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান, উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন, মুজিবনগর উপজেলা স্বাস্থ কমপ্লেক্সের মেডিকেল অফিসার সুরাইয়া শারমিন পুষ্প, উপজেলা জনস্বাস্থ পৌকশলী জাহাঙ্গীর আলম, উপজেলা সমাজসেবা অফিসার মাহমুদুল হাসান, মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্স।

এ সময় উপজেলার সকল অধিদপ্তরের অফিসারবৃন্দ ও বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, প্যানেল চেয়ারম্যান অংশ নেন।

সভায় উপজেলা নির্বাহী অফিসার গ্রাম আদালত কার্যক্রম সক্রিয় করতে ইউপি চেয়ারম্যান গনদের গ্রাম আদালতের কার্যক্রম কে বিশেষভাবে গুরুত্ব দিতে বলেন। যাতে করে ন্যায় ও সুষ্ঠু বিচার প্রতিষ্ঠিত হয় এবং উচ্চ আদালতে মামলার জট কমে। কমিটির সদস্যগণ উপজেলা নির্বাহী অফিসার কে গ্রাম আদালতের প্রচার-প্রচারণা বৃদ্ধির জন্য অনুরোধ জানান।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য

কমপ্লেক্স ব্যবস্থাপনা কমিটির সমন্বয় সভায় এমপি টগর

চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর বলেন, বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের প্রতিটি মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে কাজ করে চলেছেন। ডিজিটাল বাংলাদেশের স্বপ্নদ্রষ্টা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে স্মার্ট হবে দেশের স্বাস্থ্যসেবা। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আমাদের স্বাধীন ভূ-খণ্ড এবং সংবিধান উপহার দিয়েছেন।বঙ্গবন্ধুর নির্দেশিত পথে গত ১৪ বছরে দেশের স্বাস্থ্যসেবা খাতে উন্নয়ন করেছেন জননেত্রী শেখ হাসিনা।

আজ বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টার সময় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আয়োজনে হাসপাতালের সম্মেলন কক্ষে উপজেলা হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও চুয়াডাঙ্গা ০২ আসনের সাংসদ সদস্য হাজী মো: আলী আজগার টগরের সভাপতিত্বে হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

এসময় এমপি আরো বলেন, দেশের প্রতিটি জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে বর্তমান সরকার বদ্ধপরিকর। দেশের তৃণমূল পর্যায়ে স্বাস্থ্য সেবা পৌঁছে দিতে দেশের সর্বত্র কমিউনিটি ক্লিনিক স্থাপন মাননীয় প্রধানমন্ত্রীর একটি মহতী উদ্যোগ। দামুড়হুদা হাসপাতালে সঠিকভাবে রোগীদের চিকিৎসা এবং তাদের সাথে সদ্ব্যবহার করা জন্য ডাক্তারদের তাগিদ দেন। দামুড়হুদা হাসপাতাল এর আগে চিকিৎসা সেবায় প্রথম স্থান অধিকার করেছিল। এ সময় তিনি উপজেলার যে সকল কমিউনিটি ক্লিনিকের সীমানা প্রাচীর নেই বা অসম্পূর্ণ রয়েছে সেগুলো অতি দ্রুত সম্পন্ন করার আশ্বাস প্রদান করেন। উপজেলার স্বাস্থ্য সেবাকে আরও ত্বরান্বিত করতে সরকারের পক্ষ থেকে সব ধরনের সাহায্য এবং সহযোগিতা করা হবে বলে জানান তিনি।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলী মুনছুর বাবু, উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: হেলেনা আক্তার নিপা, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান মোঃ শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন,দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ

(অপেরশন) শফিউল আলম, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, পারকৃষ্ণপুর মদনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এসএম জাকারিয়া আলম, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন, হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ভারপ্রাপ্ত নিজাম উদ্দিন, দামুড়হুদা উপজেলা হাসপাতালের সকল ডাক্তার ও কর্মকর্তা কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।